

**শিক্ষা প্রতিমন্ত্রীর নকল বিরোধী প্রচারণা
 পরীক্ষা কেন্দ্রে ছাত্রছাত্রীদের
 চেক করে ভেতরে ঢোকাতে
 শিক্ষকদেরকে নির্দেশ**

মোশাররফ যোসেন বাবুল, নাটোর থেকে :
 আসন্ন এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা
 কেন্দ্রে প্রত্যেক ছাত্রছাত্রীকে চেক করে
 প্রবেশ করানোর জন্য শিক্ষা প্রতিমন্ত্রী আন
 ম এছানুল হক ফিলন সংশ্লিষ্ট শিক্ষকদের
 নির্দেশ দিয়েছেন। কোনোভাবেই যেন
 ছাত্রছাত্রীরা নকলের টুকরা কেন্দ্রে নিয়ে
 যেতে না পারে সেদিকে বিশেষভাবে
 নজর রাখার জন্য শিক্ষা প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট
 নকলকে নির্দেশ দিয়েছেন।
 গতকাল রোববার নাটোর জেলা
 ● (১৭-পৃষ্ঠা ২ কলাম)

পরীক্ষা কেন্দ্রে ছাত্রছাত্রীদের

● শেষের পাতার পর
 পরিষদ মিলনায়তনে নকলমুক্ত পরিবেশে
 পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আয়োজিত
 আলোচনা সভায় শিক্ষা প্রতিমন্ত্রী এ কথা
 বলেন। তিনি বলেন, অনেক সময় দেখা
 যায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা স্থানীয়ভাবে
 প্রশ্নপত্র আউট করে দেয় বা পরীক্ষা
 চলাকালীন সময়ে নকলে সহযোগিতা
 করার জন্য নীরব ভূমিকা পালন করেন
 অথবা পরীক্ষা হলে নকলে সহযোগিতা
 করেন। এদের বিরুদ্ধে ১৯৮০ সালের
 নকল প্রতিরোধ আইনে ব্যবস্থা নেওয়া
 হবে। একই সঙ্গে শিক্ষা প্রতিমন্ত্রী পরীক্ষার
 সঙ্গে সংশ্লিষ্ট কোনো শিক্ষক কর্মকর্তা-
 কর্মচারী অনিয়ম-অবহেলা কিংবা দুর্নীতি
 করলে তৎক্ষণিকভাবে তাদেরকে প্রত্যাহার
 করে জেল হাজতে পাঠানোর জন্য জেলা
 প্রশাসককে নির্দেশ দেন।
 সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়
 উপমন্ত্রী এড. রুহুল কুদ্দুস তালুকদার মলু,
 নাটোর-৪ আসনের সংসদ সদস্য
 মোজাম্মেল হক, রাজশাহী বোর্ডের
 চেয়ারম্যান নজরুল ইসলাম, বিভাগীয়
 কমিশনার আজিম উদ্দিন। নাটোর জেলার
 জেলা প্রশাসক সদরুদ্দিন আহমেদের
 সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন
 রাজশাহী, পাবনা ও চাঁপাইনবাবগঞ্জের
 জেলা প্রশাসক ও জেলা পুলিশ সুপারগণ।
 সভায় এছাড়াও রাজশাহী বোর্ডের অধীনে
 বিভিন্ন জেলার শিক্ষক, ইউএনও, ওসি,
 কেন্দ্র সচিব ও রাজনৈতিক নেতৃবৃন্দ
 উপস্থিত ছিলেন।